

ইন্ডেহার

আমি এসেছি বন্ধকারখানার শ্রমিক - বস্তি থেকে
আমি এসেছি সেই মাতাল যে শেষ গ্লাসের দাম
দিতে না পেরে মাঝরাতিরে লাথি খায়
গরীবের এম.এ পাশ মেয়ে আমি এসেছি
মফস্বলের স্কুলে ছ'মাসের ডেপুটেশন
ঠিক পুজোর মুখে চাকরি খোয়ানো এসেছি আমি
চারছেলের বাপ
আমি সেই বাইশ লক্ষ বত্রিশ হাজার যারা প্রত্যেক বছর
বন্যার সিজিনে উঠে আসে রেল লাইন, হাইওয়ে, বাঁধের উপরে
সরকারি রিলিফের আশায়
কবিতার ছদ্মবেশে এসেছি আমি নিষিদ্ধ সংগঠনের ইন্ডেহার

আমি এসেছিলাম। কিন্তু কোথায় ফিরে যাব, ভারতবর্ষ?

পিনাকী ঠাকুর

